



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
প্রশিক্ষণ শাখা
www.dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.০০০.১১০.১৮.০০০৬.২১.২৫৭

তারিখ: ২ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
১৬ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: দক্ষিণ কোরিয়ায় ডিজিটাল লার্নিং বিষয়ক প্রশিক্ষণ কোর্সে আগ্রহী শিক্ষকগণকে (সকল মাধ্যমিক ও কলেজ পর্যায়ে)

অংশগ্রহণে জন্য তথ্য প্রেরণ সংক্রান্ত

সূত্র: ১৩ ফেব্রুয়ারী-২০২৬ Director, KLIC, IACE, Republic of Korea থেকে প্রাপ্ত পত্র

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দক্ষিণ কোরিয়ার সাথে বাংলাদেশ সরকারের দ্বিপাক্ষিক সম্পর্কের পরিপ্রেক্ষিতে দক্ষিণ কোরিয়ার Ministry of Education এবং Daegu Metropolitan Office of Education কর্তৃপক্ষ প্রতিবছর বাংলাদেশের স্কুল এবং কলেজ পর্যায়ে কর্মরত কিছুসংখ্যক শিক্ষকগণকে দক্ষিণ কোরিয়ায় ডিজিটাল লার্নিং বিষয়ক প্রশিক্ষণ প্রদান করে থাকেন। বর্ণিত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণে আগ্রহী শিক্ষকগণকে নিজ নিজ শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নসহ নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আগামী ৩০ মার্চ ২০২৬ খ্রি. তারিখের মধ্যে নিম্নোক্ত গুগল ফরমে: <https://forms.gle/4e6oPkwNipQov6EdA> তথ্য প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

আবেদনের শর্তসমূহ:

- ১। ৩০ মার্চ ২০২৬ খ্রি. তারিখে আবেদনকারীর বয়স সর্বোচ্চ ৪৭ বছর গ্রহণযোগ্য হবে।
- ২। ন্যূনতম ২৪ দিনের আইসিটি বিষয়ক প্রশিক্ষণ থাকতে হবে। (এ শর্ত আইসিটি বিষয়ের প্রভাষকদের জন্য প্রযোজ্য নয়)
- ৩। যাদের আইসিটি বিষয়ক প্রশিক্ষণ নেই কিন্তু আইসিটি ক্লাস নেন এরূপ ক্ষেত্রে শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধান কর্তৃক ন্যূনতম ০২ (দুই) বছর মাল্টিমিডিয়া ক্লাস পরিচালনার অভিজ্ঞতার প্রত্যয়ন। (এ শর্ত আইসিটি বিষয়ের প্রভাষকদের জন্য প্রযোজ্য নয়)
- ৪। ন্যূনতম ০৬ মাস মেয়াদসহ সরকারি পাসপোর্ট থাকা বাধ্যতামূলক।
- ৫। ব্যক্তিগত ল্যাপটপ থাকা আবশ্যিক।
- ৬। ইংলিশ স্পিকিং-এ ভাল দক্ষতা থাকতে হবে।
- ৭। দক্ষিণ কোরিয়ার প্রশিক্ষণ কর্তৃপক্ষ কর্তৃক চাহিত শারীরিক সক্ষমতা থাকতে হবে (উচ্চরক্তচাপ, ডায়াবেটিস সহ কমন ও ফ্রনিক ডিজিজ থাকা যাবেনা)
- ৮। জাতীয় শিক্ষাসপ্তাহ-২০২৬-এ জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষক হলে উল্লেখ করুন (মাধ্যমিক ও কলেজ পর্যায়ে)।

১৬-০৩-২০২৬

ড. জাহিদা বেগম

সহকারী পরিচালক-২

ফোন : ০২-৪১০৫০৬১৮

ইমেইল : dir-training@dshe.gov.bd

অধ্যক্ষ/প্রধান শিক্ষক, কলেজ (সকল)/মাধ্যমিক বিদ্যালয়(সকল)।

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.০০০.১১০.১৮.০০০৬.২১.২৫৭/১ (৬)

তারিখ: ২ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
১৬ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, কলেজ ও প্রশাসন, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। আঞ্চলিক পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

- ৩। আঞ্চলিক উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,.....অঞ্চল....., ।
৪। পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৫। পিএ টু পরিচালক, প্রশিক্ষণ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা এবং
৬। সংরক্ষণ নথি, .।



A handwritten signature in black ink, located on the right side of the page, above the date and name.

১৬-০৩-২০২৬

ড. জাহিদা বেগম
সহকারী পরিচালক-২